

রোকেয়া বিশ্ববিদ্যালয়  
ভিসি অপসারণের  
জন্য শিক্ষামন্ত্রীকে  
অনুরোধ এরশাদের

রংপুর অফিস >

রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে দ্রুত অপসারণ করার জন্য শিক্ষামন্ত্রীকে অনুরোধ করেছেন প্রধানমন্ত্রীর বিশেষ দূত ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ। গতকাল শনিবার উপাচার্যকে অপসারণের দাবিতে আমরণ অনশনরত শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের দেখতে এসে তিনি শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদকে সরাসরি ফোন করে এ অনুরোধ জানান।

এ বিষয়ে এরশাদ শিক্ষাসচিব নজরুল ইসলাম খানের সঙ্গেও কথা বলেন। উপাচার্য ড. এ কে এম নূর-উন-নবীর অপসারণ এবং শিক্ষক-শিক্ষার্থীদের ওপর সন্ত্রাসী হামলার বিচার দাবি করে গত ৮ ফেব্রুয়ারি রাত সাড়ে ৮টা থেকে অনশন শুরু করেন শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা। গতকাল অনশন কর্মসূচির সপ্তম দিনে সকাল সাড়ে ১১টার দিকে সাবেক রাষ্ট্রপতি এরশাদ অনশনকারীদের দেখতে বিশ্ববিদ্যালয়ে আসেন। জানা গেছে, গতকাল পর্যন্ত অনশনকারী ১৪ শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারী অসুস্থ হয়ে পড়েছেন।